অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ঘৃণামূলক অপরাধের (হেইট ক্রাইম) একটি বেপরোয়া পরিস্থিতির মধ্যেই নন-পাবলিক স্কুল ও ধর্মভিত্তিক প্রতিষ্ঠান রক্ষার্থে গভর্নর কুওমো 10 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুদান প্রদান করার ঘোষণা করেন

সম্ভাব্য ঘৃণামূলক অপরাধের লক্ষ্য হতে পারে এরকম নন-পাবলিক স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্রে এই অর্থায়ন সুরক্ষা ও নিরাপত্তা বৃদ্ধিতে সহায়তা করবে

মোট 14.8 মিলিয়ন মার্কিন ডলারের ফার্স্ট রাউন্ড অ্যাওয়ার্ডস রয়েছে যা স্টেট জুড়ে 300টিরও বেশি প্রকল্পের অর্থায়ন করেছিল

নিউ ইয়র্ক এবং সারা দেশে ঘৃণামূলক অপরাধের একটি বেপরোয়া পরিস্থিতির মধ্যে, এরূপ অপরাধের হুমকির বিরুদ্ধে ধর্মভিত্তিক প্রতিষ্ঠানসহ নন-পাবলিক স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্রে নিরাপত্তা বৃদ্ধি করে সেগুলো সুরক্ষার জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 10 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান অনুদান করার ঘোষণা দিয়েছেন। এই দ্বিতীয় পর্যায়ের অর্থায়ন নিউ ইয়র্কের সিকিউরিং কমিউনিটিস অ্যাগেইন্সট হেইট ক্রাইমস গ্রান্ট প্রোগ্রাম (Securing Communities Against Hate Crimes Grant Program) কর্তৃক বন্টনকৃত এবং এটি 207 প্রকল্পে সহায়তা করবে। প্রথম পর্যায়ে 14.8 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল যা 300 টিরও বেশি প্রকল্পে অর্থায়ন করেছে। ফ্যাসিলিটিসমূহের সংস্কৃতি, ধর্ম বা বিশ্বাসের ভিত্তিতে সেগুলোতে ঘৃণামূলক অপরাধ বা আক্রমণ প্রতিরোধে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে প্রকল্পগুলো সাহায্য করবে। আরও একটি বছর এই প্রোগ্রামটি সম্প্রসারণ করার জন্য গভর্নর কুওমো 2019 সালের স্টেট বাজেটে একটি অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন।

"দেশজুড়ে ক্যান্সাররূপে যে ঘৃণা এবং মতানৈক্য ছড়িয়ে পড়েছে, তা বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তির যে মূল্যবোধ আমরা নিউ ইয়র্কে ধারণ করে থাকি তার পরিপন্থী," **গভর্নর কুওমো বলেন।** "ধর্মীয় ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোকে লক্ষ্য করে হুমকি এবং সহিংসমূলক কাজ নিশ্চিহ্ন করতে আমরা যা কাজ করতে পারি তা আমরা অব্যাহত রেখেছি এবং এই নতুন অনুদান তহবিলটি অনেক প্রতিষ্ঠানকে তাদের নিরাপত্তা ব্যবস্থা বাড়াতে এবং মানুষকে নিরাপদ রাখতে সাহায্য করবে।"

ঘৃণামূলক অপরাধের পরিসংখ্যান জাতীয়ভাবে এবং নিউ ইয়র্কে ইহুদি কমিউনিটির বিরুদ্ধে ইহুদিবিদ্বেষ ও ঘৃণামূলক অপরাধের উত্থানের ইঙ্গিত দেয়। গত কয়েক বছর ধরে নিউ ইয়র্কে সকল

ঘৃণামূলক অপরাধের প্রায় অর্ধেকই ইহুদি কমিউনিটির বিরুদ্ধে হয়েছে। 27 অক্টোবর 2018 তারিখে পিটসবার্গের ট্রি অব লাইফ সিনাগগ-এ ব্যাপক গোলাগুলি এবং নিউ জার্সির জার্সি সিটির কোশার মার্কেটে সাম্প্রতিক সন্ত্রাসী হামলা, যেখানে একটি স্থানীয় সনাতন ইহুদি কলেজ ও ক্যাথলিক স্কুল বন্দুকযুদ্ধের মুখোমুখি হয়েছিল, যেখানে সহিংস উগ্রবাদ এবং ইহুদিবিদ্বেষ থেকে ইহুদি প্রতিষ্ঠানগুলোকে রক্ষা করার প্রয়োজনীয়তা লক্ষ্য করা হয়েছিল।

স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) দ্বারা পরিচালিত এই অনুদান অতিরিক্ত নিরাপত্তা প্রশিক্ষণ, ক্যামেরা, দরজা-দৃঢ়করণ, উন্নত আলোকসজ্জা, অত্যাধুনিক প্রযুক্তি ও প্রত্যেক যোগ্য ফ্যাসিলিটিগুলোতে সুরক্ষা সম্পর্কিত অন্যান্য ক্ষেত্রে উন্নত করার জন্য 50,000 মার্কিন ডলার পর্যন্ত অর্থ প্রদান করবে। যে সমস্ত সংস্থা একাধিক ফ্যাসিলিটি পরিচালনা করে, তারা সর্বমোট 150,000 মার্কিন ডলার পর্যন্ত আবেদনের জন্য তিনটি আবেদনপত্র পর্যন্ত দাখিল করার সুযোগ রয়েছে। 2018 সালে প্রথম রাউন্ডের পুরস্কার দেওয়া হয়েছিল।

প্রোগ্রামটি গভর্নর কুওমো কর্তৃক 2017 সালের অক্টোবরে ঘোষণা করা হয়েছিল এবং নিউইয়র্কের ঘৃণামূলক অপরাধ মোকাবেলায় গভর্নর কর্তৃক চালু করা একটি ব্যাপক প্রচেষ্টার অংশ। নিউ ইয়র্কে পক্ষপাত-প্রণোদিত হুমকি, হয়রানি ও সহিংসতা সম্পর্কিত সাম্প্রতিক ঘটনাগুলো প্রশমিত করতে গত বছর হেইট ক্রাইমস টাস্ক ফোর্স গঠন করা হয়েছিল। টাস্ক ফোর্সের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ, দ্য ডিভিশন অব হিউমান রাইটস (Division of Human Rights, DHR) এবং দ্য ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) স্থানীয় স্টেকহোল্ডার ও আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে যুক্ত করে এবং এবং ঘৃণা-প্রণোদিত অপরাধ ও পক্ষপাত সম্পর্কিত ধারা, কমিউনিটি দুর্বলতা এবং বৈষম্যমূলক আচরণ সনাক্ত এবং তদন্ত করার কাজ করে।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর ভারপ্রাপ্ত কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "নিউ ইয়র্ককে, নিউ ইয়র্ক হিসেবে যা গড়ে তোলে তার মূলে রয়েছে বৈচিত্র্য এবং যারা আমাদের সম্প্রদায়কে বিভক্ত করতে চায় এবং ঘৃণা ছড়াতে চায় তাদের বিরুদ্ধে আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত করার জন্য সম্ভাব্য সবকিছু আমাদের করতে হবে। আমি গর্ভনর কুওমোর নেতৃত্বকে কেবল দুর্বল প্রতিষ্ঠানসমূহ সুরক্ষিত করার জন্য এই গুরুত্বপূর্ণ কর্মসূচি চালু করার জন্য প্রশংসা করি না, বরং এ বছরের স্টেট বাজেটে এর অব্যাহত বাজেট নিশ্চিত করার জন্যও প্রশংসা করি।"

স্টেট পুলিশের অভ্যন্তরে একটি নিবেদিত হেট ক্রাইম ইউনিটের পাশাপাশি পক্ষপাতিত্ব এবং বৈষম্য সংক্রান্ত ঘটনা রিপোর্ট করার জন্য ডিভিশন অব হিউমান রাইটস-এর মাধ্যমে গভর্নর কুওমো একটি টেলিফোন হটলাইন ও টেক্সট লাইন স্থাপন করেছেন। স্টেট পুলিশ, যারা সব অপরাধমূলক বিষয় নিয়ন্ত্রণ করেন, তাদের কর্তৃক টেক্সটগুলি পর্যবেক্ষণ করা হয়। নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইন দ্বারা আওতাভুক্ত বৈষম্য সম্পর্কিত মামলাগুলি মানবাধিকার বিভাগ দ্বারা অধিকতর তদন্ত

করা হতে পারে। ঘৃণামূলক অপরাধের জন্য গ্রেপ্তার এবং দোষী সাব্যস্ত হওয়া এমন তথ্য প্রদান করার জন্য 5,000 মার্কিন ডলার পুরস্কার প্রদানেরও ব্যবস্থা করা হয়েছে।

নিউ ইয়র্কবাসী যারা পক্ষপাত বা বৈষম্যের ভুক্তভোগী হয়েছেন তাদেরকে DHR এর (888) 392-3644 এই টোল-মুক্ত হটলাইনটিতে সোমবার - শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত সময়ে কল করতে অথবা "HATE" লিখে 81336 নম্বরে টেক্সট করতে উৎসাহিত করা হচ্ছে। আপনি যদি কোনও অপরাধের প্রতিবেদন করতে চান বা আপনার নিরাপত্তার জন্য আশংকিত হোন, তাহলে অবিলম্বে 911 এ ফোন করুন।

DHSES সম্বন্ধে

দ্য ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES) সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সেগুলো থেকে রক্ষা পেতে, সেগুলোর জন্য প্রস্তুত থাকতে, সেগুলোর বিরুদ্ধে রুখে দাঁড়াতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য, DHSES ফেইসবুক পেজ ভিজিট করুন, টুইটারে @NYSDHSES এবং ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov ভিজিট করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন